# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫১২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আসরের সালাত তাড়াতাড়ি আদায় করা মুস্তাহাব

## ذِكْرُ اسْتِحْبَابِ التَّعْجِيلِ بِصَلَاةِ الْعَصْرِ

আরবী

1512 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ الْبُخَارِيُّ حَدَّثَنَا أَيُّوبُ بْنُ سُلَيْمَانَ بْنِ بِلَالٍ قَالَ: حَدَّثَنِي أَبُو بَكْرِ بْنُ أَبِي أُوَيْسٍ عَنْ سُلَيْمَانَ بْنِ بِلَالٍ عَنْ عَمْرِو بْنِ يَحْيَى الْمَازِنِيِّ عَنْ خَلَّادِ بْنِ خَلَّادٍ الْأَنْصَارِيِّ قَالَ: صَلَّيْنَا مَعَ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ يَوْمًا ثُمَّ دَخَلْنَا عَلَى أَنَسِ بْنِ مَالِكٍ فَوَجَدْنَاهُ قَائِمًا يُصَلِّي فَلَمَّا انْصَرَفَ قُلْنَا: يَا أَبَا حَمْزَةَ أَيُّ صَلَاةٍ صَلَّيْتَ؟ قَالَ: الْعَصْرَ فَقُلْنَا: إِنَّمَا انْصَرَفْنَا الْآنَ مِنَ الظُّهْرِ صَلَّيْنَاهَا مَعَ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ فَقَالَ أَنَسٌ: إِنِّي رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي هَكَذَا فَلَا أَتْرُكُهَا أبداً.

الراوي : أَنَسٌ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1512 | خلاصة حكم المحدث : صحيح - ((صحيح سنن النسائي)) (496).

বাংলা

১৫১২. খাল্লাদ বিন খাল্লাদ আল আনসারী রহিমাহুল্লাহ বলেন, “আমরা উমার বিন আব্দুল আযীয রহিমাহুল্লাহর সাথে একদিন সালাত আদায় করলাম, তারপর আমরা আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে গিয়ে দেখতে পেলাম যে তিনি দাঁড়িয়ে সালাত আদায় করছেন। অতঃপর যখন তিনি সালাম ফেরালেন, আমরা বললাম, “হে আবূ হামযা রাদ্বিয়াল্লাহু আনহু, আপনি কোন সালাত আদায় করলেন?” জবাবে তিনি বলেন, “আসরের সালাত।” তখন আমরা বললাম, “আমরা এক্ষুনি উমার বিন আব্দুল আযীয রহিমাহুল্লাহর সাথে যোহরের সালাত আদায় করে আসলাম!” জবাবে আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু বলেছেন, “নিশ্চয়ই আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এভাবেই সালাত আদায় করতে দেখেছি। কাজেই এমনটি আমি কখনই ছাড়বো না।”[1]

## ফুটনোট

[1] নাসাঈ: ১/২৫৩-২৫৪; মুসনাদ আহমাদ: ৩/২১৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান আন নাসাঈ: ৪৯৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90827

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন